## ছড়াকার : আফিফা আবেদীন সাওদা




প্রচ্ছদ :

আনিকা তুবা

অংকন :

তাসনীম সানজানা
ফারিহা মুশাররাত







আমার যত কারিমুনি
বাড়ছে ধীরে ধীরে
কেউ ভেসেছে চোখের জলে
কেউ গিয়েছে ফিরে।
ওদের ঘিরেই বই হলো তাই
ছন্দ দিয়ে বোনা
খুব লুকানো গল্প তাতে
যায়নি আগে শোনা!






# মায়ের সালাত



ঠিক দুপুরে গলির মোড়ে
দুইটা বিড়াল হল্লা করে
ইঁদুর, ছুঁচো, মাছের কাঁটা,
হচ্ছে না যে সঠিক বাঁটা!

পাশেই ছিল একটা বাড়ি
থাকত মেয়ে মিষ্টি ভারি।
ওর যে হঠাৎ কী হয়েছে
থাকবে কোলে মায়ের কাছে।
মা বেচারি খুঁজছে উপায়
কেমনে হবে সালাত আদায়?

যেই না শুনে বিড়াল চেঁচায়
মিষ্টি মেয়ে দেখতে যে চায়
দৌড়ে গেছে ওই জানালায়
এই সুযোগে মা-টা পালায়



'এই যে তোরা দুষ্ট নাকি
ঝগড়া করে কাজে ফাঁকি?
এই দিকে দেখ, আমার দিকে
আদব লেহাজ নিস তো শিখে!
অমন করে ঝগড়া করিস
নখের থাবায় খামচে ধরিস?'

শাসন চলে মিনিট জুড়ে
সালাত পড়ে মা-টা দূরে
যেই না সালাম মা ফিরাল
শান্ত হলো দুই বিড়ালও!




তাও কি খুকির মন মানে আর
খুঁজতে থাকে ভাইটাকে
চুপটি করে আদর মেখে
সটকে পড়া চাই তাকে।

মা টেনে নেয় বুকের মাঝে
শোক চেপে যায় খুব করে
বলতে গিয়ে ছেলের কথা
যায় কি গলা তার ধরে?

ভাই তো তোমার দিব্যি আছে
আরশতলে ঘুম দিয়ে
জান্নাতে ঠিক দেখতে পাবে
আল্লাহ যদি যান নিয়ে।

এই যে তোমার মন ভালো নেই
চোখ ভিজে যায় কান্নাতে
এমন কিছুই থাকবে না আর
আমরা গেলে জান্নাতে!




KARIMUNI


কারিমুনিদের
ছড়া
২
আফিফা আবেদীন সাওদা

# সুন্নাহ মেনে খাওয়া-দাওয়া

এসো এসো সবাই মিলে
শুনি দিয়ে মন
সুন্নাহ মেনে খাওয়া-দাওয়া
হবে যে কেমন।

সবার আগে হাত দুটো যে
ধুয়ে নেওয়া চাই
বাম হাত দিয়ে খেতে মানা
ডান হাতে তাই খাই।

শুরুর সময় বিসমিল্লাহ
বলতে তোমার হবে
ভাবছ নাকি উপায় কী আর
ভুলে গেলে তবে?

বিসমিল্লাহি ফি
আওয়ালিহি ওয়া আখিরিহ



# সবজান্তা


এই বাড়িতে যা ঘটে ভাই
দেখতে আমার হবেই
নইলে কাপড় বোঁচকা বেঁধে
ঘুরতে যেতাম কবেই!

ওই যে দেখো বারান্দাতে
বই ছড়িয়ে বসে
ভাইয়া কেমন পড়বে বলে
ভং ধরেছে কষে।

জানি বাপু, এখানটাতেও
নেই গতি নেই কোনো,
আমি যদি না যাই তবে
বসবে না তার মনও!

তাই তো জোরে বইয়ের পানে
দিচ্ছি হামাগুড়ি
পণ্ডিতিতে এই জগতে
মিলবে না আর জুড়ি।

দেখি দেখি, পড়ছ কী হে
ঠিকমতো সব আছে?
যাচাই আমায় করতে হবে
ভুল না শেখো পাছে!



দুষ্টু পাখি বলল ডাকি ছোট্ট পাখিরে
আমার সাথে বাপ-মা ছেড়ে যাবি নাকি রে?
ছোট্ট পাখি বলল না না
তোমায় চিনি না
তোমার সাথে ওদের ছেড়ে কোথাও যাব না
মা-বাবা তো আমার কাছে অনেক দামি দুই হীরা
ওদের জন্য দুআ জানো কি?

রাব্বির হামহুমা কামা রাব্বাইয়ানি সাগিরা



# নানু-দাদুর কোল

মা-বাবা যে কত্ত বোকা
জন্ম থেকে ভাবছি তাই
আমায় নিয়ে চিন্তা দেখে
মূর্ছা বুঝি যাচ্ছি ভাই।

নরম গদি ডুবতে পারি
শক্ত পাছে কষ্ট হয়
একটু কথায়, হাঁটাচলায়
নিদ্রা যদি নষ্ট হয়।

কাঁথা কাপড়, পাতলা চাদর
শীত কাটাতে কম বলে
এই রাখে তো লেপ-তোশকে
আবার রাখে কম্বলে।

